উপজেলা পরিষদ
কাহালু, বগুড়া।

## কাহালু উপজেলা পরিষদের নভেম্বর ২০২১ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ আল্ হাসিবুল হাসান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কাহালু, বগুড়া।
সভার তারিখ ঃ ২৫ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ
সময় ঃ সকাল ১০.৩০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, কাহালু।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলোঃ

সভাপতি সভায় উপস্থিত সদস্যগনকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, কাহালু, বগুড়াকে অনুরোধ জানান। তিনি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন।

০২। পূর্ববর্তি সভার কার্যবিবরণি পঠন ও অনুমোদন ঃ

সভায় গত ২১ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোনরূপ সংশোধন, সংযোজন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

০৩। বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ

| ক্রঃ নং | দপ্তর/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারি কর্মকর্তা/ কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| (০১) | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, কাহালু সভায় জানান কাহালু উপজেলায় গত অক্টোবর ২০২১ মাসে বহি বিভাগে ৭৩৬৩, আন্তঃ বিভাগে ৩২৪ জন, জরুরী বিভাগে ৯৫৩ জন, ০৪ টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে ৬৪৮৭ জন, ২৭ টি কমিউনিটি ক্লিনিকে- ১৭৩৪৫ জন, স্বাভাবিক ডেলিভেরী ১৫ জন, এক্সরে রোগীর সংখ্যা ৩৭ জন, আলট্রাসনোগ্রাম ০০ জন, ইসিজি রোগীর সংখ্যা ৭৫ জন, ডায়রিয়া রোগীর সংখ্যা- ৯৯ জন, মল- ৫৯, মূত্র- ১৯২, রক্তের রুটিন ৩৪২, রক্তের গ্রুপ ৪১, রক্তের সুগার ৯৪, ভেডাল টেস্ট ৮৫, প্রগেনেনসী টেস্ট- ২৭ এবং ৩৮১ জনের কফ পরীক্ষা করে ৪৭ জনকে যক্ষার চিকিৎসার আওতায় আনা হয়েছে। এছাড়াও তিনি আরও জানান, কোভিড-১৯ ভ্যাকসিন কার্যক্রমসহ ইপিআই এর কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সটি সবসময় পরিষ্কার পরিচ্ছন্ন রাখাসহ জনসাধারণকে যথাযথভাবে স্বাস্থ্যসেবা প্রদান নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার কাহালু বগুড়া। |
| (০২) | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, গত অক্টোবর ২০২১ মাসে এ উপজেলায় সক্ষম দম্পতির সংখ্যা- ৫৫৭৯৭ জন, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহনকারির সংখ্যা- ৪৬৪৮৯ জন এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারির হার- ৮৩.৩২%। খাবার বড়ি- ২৪০৮৪ জন, কনডম- ৪৪৫৭ জন, ইনজেকটেবল (ডিপো প্রভেরা)- ৫৭৮৯ জন, আইইউডি (কপারটি)- ১১০৯ জন, ইমপ্লান্ট- ৩৯৫২ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৩৬৯৬ জন ও স্থায়ী পদ্ধতি (মহিলা)- ৩৪০২ জন। এছাড়াও কাহালু উপজেলায় গর্ভবতি মহিলার সংখ্যা ১৭৪০ জন, গর্ভবতি মায়ের যত্ন নেয়া হয়েছে ৬৮৩ জন, জীবিত জন্মের সংখ্যা ২৩৪ জন। মোট সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়েছে ৪৬২৯ জন। প্রতিমাসে ৭২ টি স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে গ্রাম পর্যায়ে মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদান করা হয়। ২৭ টি কমিউনিটি ক্লিনিকে পরিবার পরিকল্পনা স্বাস্থ্য এমসিএইচ-এফপি সেবা প্রদান করা হচ্ছে। | পরিবার পরিকল্পনা কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | ১। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কাহালু বগুড়া। |
| (০৩) | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, এ বছর এ উপজেলায় বর্তমানে সারের মজুদ পরিস্থিতি ইউরিয়া- ৪৬০ মেঃ টন, টিএসপি- ৭০ মেঃ টন, এমওপি- ১৯০ মেঃ টন এবং ডিএপি ৩০০ মেঃ টন। এছাড়াও ইউরিয়া সার বস্তা প্রতি ৮০০ টাকা টিএসপি- ১১০০ টাকা, এমওপি ৭৫০ টাকা এবং ডিএপি ৮০০ টাকা হিসেবে বাজারে বিক্রয় হচ্ছে। এ উপজেলায় রোপা আমন ১৮৪০০ হেঃ, অর্জিত হয়েছে ১৮৪০০ হেঃ শাকসবজী ৪৫০ হেঃ, ভার্মি কম্পোস্ট ০৩টি, পারিবারিক কৃষি আওতায় সবজি পুষ্টি বাগান স্থাপন ২৮৮টি, সেক্স ফেরোমন ০৬টি, রাজস্ব রোপা আমন প্রদর্শনী ২০টি তেল ফসল সম্প্রসারণ প্রকল্প রোপা আমন প্রদর্শনী- ৩৫ টি, এনএটিপি-২ প্রকল্পের রোপা আমন প্রদর্শনী ২৭টি, আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে ধান বীজ উৎপাদন ০৮টি | ১) মাঠে ফসলের ফলন ভাল পাওয়ার জন্য উন্নতমানের বীজ সরবরাহ ও সার্বক্ষণিক তদারকি করতে হবে।<br>২) সারের সরবরাহ সাপেক্ষে সুষ্ঠুভাবে বিতরণ করতে হবে। | ১। উপজেলা কৃষি অফিসার, কাহালু বগুড়া। |
| (০৪) | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কাহালু সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে তার দপ্তরের মাধ্যমে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ছিল ৪২০ জন। শুরু থেকে এ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট ৭৭৮৩ জনকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে এর মধ্যে ১১০৮ জনকে মোট ২,৭৪,৩৩,০০০/- (দুই কৌটি চুয়াত্তর লক্ষ তেত্রিশ হাজার) টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে। ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৪.১৪%। এছাড়াও ২০২১-২০২২ অর্থ বছরে বাজেট প্রাপ্তি সাপেক্ষে এপিএ চুক্তি অনুযায়ী প্রশিক্ষণ সম্পূর্ণ করা হবে। | ১) ঋণ আদায় জোরদার করতে হবে।<br>২) যুবদের প্রশিক্ষণ যথাযথভাবে প্রদান করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কাহালু, বগুড়া। |
| ০৪ | বিবিধ আলোচনা (০১) | (ক) উপজেলা মহিলা বিষয়ক অফিসার বলেন যে, তার অফিস ভবণ অত্যন্ত জরাজীর্ণ ও ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। এটি যে কোন সময় ভেঙ্গে পড়ে জানমালের ব্যাপক ক্ষয়ক্ষতি হতে পারে। সুতরাং এটা বিধিমোতাবেক অপসারণ/ভেঙ্গে ফেলা উচিত। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক ভবনটির মূল্য নির্ধারণ করে প্রাক্কলন প্রস্তুতপূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করার জন্য সভায় সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী কাহালু, বগুড়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিবিধ আলোচনা (০২) | চেয়ারম্যান উপজেলা পরিষদ, কাহালু সভায় জানান যে, উপজেলা পরিষদের অডিটোরিয়ামে বিভিন্ন অনুষ্ঠানে অতিথিদের বসার জন্য চেয়ার, টেবিল ক্রয়, উপজেলা পরিষদের ক্লোজসার্কিট ক্যামেরা সম্প্রসারিত করণ, উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি ক্রয় খাতে উপজেলা পরিষদের অফিস কাজে ব্যবহারের জন্য ফটোকপি মেশিন ক্রয়, উপজেলা পরিষদের প্রশাসনিক নতুন ভবনে ভাইস চেয়ারম্যানগণের রুমে সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন সম্প্রসারিত করণ এবং ফরমালিন, ক্ষতিকারক রাসায়নিক দ্রব্য সনাক্তকরণ কিট ইত্যাদি ক্রয় খাতে উপজেলা পরিষদের আগত জলাতঙ্ক রোগের সুচিকিৎসার জন্য ভ্যাকসিন ক্রয় করা প্রয়োজন। সে লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ দ্বারা নতুন আসবাবপত্র ক্রয় বাবদ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা, ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় বাবদ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা, অফিস সরঞ্জামাদি ক্রয় বাবদ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা, সম্প্রসারিত সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন বাবদ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা এবং ফরমালিন, ক্ষতিকারক রাসায়নিক দ্রব্য সনাক্তকরণ কিট ইত্যাদি ক্রয় বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার মধ্যে ব্যয় সম্পন্ন করার জন্য কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠনপূর্বক স্পট কোটেশনের মাধ্যমে বাজার দর যাচাই করে ব্যয় করা যেতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সকলে একমত পোষণ করায় পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা ২০২০ অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ কাহালু, বগুড়া |
| | বিবিধ আলোচনা (০৩) | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, অক্টোবর ২০২১ মাসের আপ্যায়ন ও আনুষঙ্গিক ব্যয়- ৩৫,০০০/- টাকা এবং স্ট্যান্ডিং কমিটির আপ্যায়ন ব্যয় বাবদ ৮,০০০/- টাকা, উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামত বাবদ ২৭,৩০০/- টাকা, উপজেলা পরিষদ চত্ত্বরের গাছের গোড়ালী পরিষ্কার করণ বাবদ ২৫,০০০/- টাকা বিধি মোতাবেক পরিশোধ করা হয়েছে। উক্ত ব্যয়সমূহ ভূতাপেক্ষ অনুমোদনের লক্ষ্যে তিনি সভায় উপস্থাপন করেন। | সভায় বিস্তারিত আলোচনাক্রমে উক্ত ব্যয়সমূহ উপজেলা রাজস্ব তহবিল হতে ভূতাপেক্ষ অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কাহালু বগুড়া। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আল্ হাসিবুল হাসান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কাহালু, বগুড়া
ও
সভাপতি
উপজেলা পরিষদের সাধারণ সভা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাহালু, বগুড়া।
(kahaloo.bogra.gov.bd)

স্মারক নং- ০৫.৫০.১০৫৪.০০০.০৬.০০১.২০১৩- ৯১১ (৫০)

তারিখ ঃ ১০ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
২৫ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। সংসদ সদস্য ৩৯-বগুড়া-৪ (কাহালু-নন্দীগ্রাম) এলাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪। জেলা প্রশাসক, বগুড়া।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বগুড়া।
৬। মেয়র, কাহালু পৌরসভা, কাহালু, বগুড়া।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহালু, বগুড়া।
৮। উপজেলা---------------------------------------কর্মকর্তা, কাহালু, বগুড়া।
৯। চেয়ারম্যান----------------------------ইউপি (সকল), কাহালু, বগুড়া।
১০। জনাব--------------------------------------------------,কাহালু, বগুড়া।

২৫/১১/২১

(মোঃ মাছুদুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
কাহালু, বগুড়া।
ও
মুখ্য নির্বাহী অফিসার
উপজেলা পরিষদ

টেলিফোন # ০২-৫৮৯৯১১৮০১
ই-মেইল ঃ unokahaloo@mopa.gov.bd